

জন-অংশগ্রহণ

স্বচ্ছতা ও জবাবদিহিতা

বাধ্যতদের অধিকার



জন প্রতিষ্ঠানসমূহে নাগরিকদের অংশগ্রহণ (সিইপিআই) প্রকল্প। মানুষের জন্য ফাউন্ডেশন এর কারিগরি সহায়তায় কোস্ট ফাউন্ডেশন, সিইপিআই প্রকল্প ভোলা জেলার ভোলা সদর, দোলতখান ও লালমোহন উপজেলায় বাস্তবায়ন করছে। প্রকল্পের মূল লক্ষ্য হচ্ছে জন প্রতিষ্ঠানসমূহে স্থানীয় নাগরিকদের অংশগ্রহণ বৃদ্ধির মাধ্যমে দরিদ্র ও প্রাপ্তিক জনগোষ্ঠীর জন্য বিভিন্ন সুযোগ ও সেবার ক্ষেত্রে সৃষ্টি করা।

## ইউনিয়ন পরিষদের উন্নয়ন কর্মকাণ্ডে জনগণের অংশগ্রহণ ও মতামতের ভিত্তিতে প্রাক-বাজেট আলোচনা সভা অনুষ্ঠিত

উন্নয়নে জনগণের অংশগ্রহণের বিষয়টি দিন দিন বেশী গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। জনগণের কার্যকরী অংশগ্রহণ ছাড়া উন্নয়ন জনকল্যাণমূখ্য করা প্রায় অসম্ভব। এজন্য মানুষকে উন্নয়ন কর্মসূচীর বিভিন্ন পর্যায়ে অংশগ্রহণের সুযোগ করে দেওয়া জরুরী। উন্নয়নে জনগণের অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে ওয়ার্ড সভা, প্রাক-বাজেট আলোচনা সভা এবং উন্নুক্ত বাজেট ঘোষণার মাধ্যমে জনগণের নিকট কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে। স্থানীয় পর্যায়ে জনগণ ও স্থানীয় প্রতিষ্ঠানসমূহের সচেষ্ট ও কার্যকর ভূমিকার মাধ্যমে জাতীয় টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার অভীষ্টগুলো অর্জন করা সম্ভব। তারই ধারাবাহিকতায় ইউনিয়ন পরিষদের উন্নয়ন কর্মকাণ্ডে জনগণের অংশগ্রহণ ও মতামতের ভিত্তিতে প্রাক-বাজেট আলোচনা সভা অনুষ্ঠিত হয় এবং ইউনিয়ন



প্রাক বাজেট আলোচনা সভায় চেয়ারম্যান মহোদয় বন্দুব্য রাখছেন, ৫ জুন ২০২১, উত্তর জয়নগর ইউনিয়ন, দোলতখান, ছবি: নীপা বেগম- পিএফ

উন্নয়ন সমষ্টি কর্মসূচির সকল সদস্যদের উপস্থিতি নিশ্চিত করে ওয়ার্ড সভা থেকে প্রাপ্ত প্রকল্পগুলোর অধীধিকার ঠিক করে খাত ভিত্তিক বাজেট ও বাস্তবায়নের সভাব্য তারিখ ঠিক করে ইউনিয়ন পরিষদের বাস্তবায়ন ও পঞ্চবর্ষীকী উন্নয়ন পরিকল্পনা চূড়ান্ত করা হয়েছে।

## ইউনিয়ন পরিষদের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করনে স্থানীয় জনগণের অংশগ্রহণের মধ্য দিয়ে ওপেন বাজেট সভা সম্পন্ন

ইউনিয়ন পরিষদের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করণের মাধ্যমে জনগণের কাছে গ্রহণ যোগ্যতা বৃদ্ধির জন্য উন্নুক্ত বাজেট ঘোষণা পরিষদের বার্ষিক বাজেট প্রণয়নের একটি কার্যকর কৌশলগত ধাপ। এ প্রক্রিয়ায় ইউনিয়ন পরিষদের পর্যায়ের স্টেকহোল্ডারদের অতিরিক্ত হিসেবে দাওয়াত প্রদান করে ইউনিয়ন পরিষদের খসড়া বাজেট স্থানীয় জনগণের অংশগ্রহণে উপস্থাপন করা হয়। প্রণীত বাজেট সম্পর্কে জনগণের মতামত গ্রহণ করা যায় এবং বাজেটকে অধিকতর গণমুখ বাজেটে পরিণত করা যায়। এই প্রক্রিয়ায় পরিষদের চেয়ারম্যানসহ সদস্যগণ বিগত বাজেটের আয়-ব্যয় সংক্রান্ত তথ্য প্রদান, নতুন

বাজেটের সম্ভাব্য আয়ের উৎস ও উন্নয়ন কর্মকাণ্ডসহ বিভিন্ন ব্যয়ের বিবরণ উপস্থাপন করেন। এক্ষেত্রে বাজেট ঘোষনার পর পরিষদের প্রতিনিধিরা জনগণের বিভিন্ন প্রশ্নের ব্যাখ্যা প্রদান করে থাকেন। সুশাসন প্রতিষ্ঠার ক্ষেত্রে



উন্নুক্ত বাজেট সভায় চেয়ারম্যান মহোদয় বন্দুব্য রাখছেন, উত্তর দিঘলদী ইউনিয়ন, ভোলা সদর, ৯ জুন ২০২১, ছবি: আব্দুর রহমান- পিএফ

এটি ইউনিয়ন পরিষদের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের একটি কার্যকর পদক্ষেপ যা ইউনিয়ন পরিষদ আইন ২০০৯ এর ৫৭ ধারায় বর্ণনা করা আছে।

## ইউনিয়ন পরিষদের উন্নয়ন সমষ্টি সভা নিয়মিত করন এবং সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় সরকারি প্রতিনিধি ও নির্বাচিত নারী সদস্যদের অংশগ্রহণের বিষয়টি নিশ্চিত করা হয়েছে

আমরা জানি যে, নারীর সমান অংশগ্রহণ নিশ্চিত করার প্রচেষ্টাকে জেডার সংবেদনশীলতা বলা হয়। ইউনিয়ন পরিষদের বিভিন্ন সভা সেমিনারে নির্বাচিত নারী সদস্যদের অংশগ্রহণ খুব বেশি পরিলক্ষিত হয়না। এমনীক অনেক নারী



স্বাস্থ্য কল্যাণ পরিদর্শক ইসরাত জাহান তার অফিসের অগ্রগতি ও পরিকল্পনা উপস্থাপন করছেন, চরসামাইয়া ইউনিয়ন, ২৩ জুন, ছবি: আব্দুর রহমান- পিএফ প্রতিনিধি আছেন যাঁরা পুরুষ প্রতিনিধির সহযোগিতা ছাড়া কোনো কাজই ঠিকমত করতে পারেন না। সরকারি প্রতিনিধিগণ নিয়মিত তাদের ইউনিয়ন

পরিষদের অফিস রয়ে সেবা প্রদান করেন না। তাই নির্বাচিত সরকারি প্রতিনিধিগণ ও নারী সদস্যদের বিভিন্ন সভায় অংশগ্রহণ ও মতামত প্রকাশের বিষয়টির প্রতি গুরুত্ব দেয়া দরকার।

কোস্ট, সিইপিআই প্রকল্প ২০১৯ সাল থেকে ইউনিয়ন পরিষদের সমন্বয় সভা নিয়মিত করা ও নির্বাচিত নারী সদস্যদের অংশগ্রহণের জন্য কারিগরি সহযোগিতা করে যাচ্ছেন। তারই ধারাবাহিকতায় পরিষদে উন্নয়ন সমন্বয় সভা এখন নিয়মিত হয় এবং সরকারি প্রতিনিধিগণ ও নির্বাচিত নারী সদস্যগণ অংশগ্রহণ করে মূল্যবান মতামত প্রদান করেন। উন্নয়নে নারীদের সর্বত্র অবাধ বিচরণের মাধ্যমে বিশেষকরে ওয়ার্ড সভা, প্রাক বাজেট আলোচনা সভা এবং উন্নত বাজেট সভায় নির্বাচিত নারী সদস্যদের অংশগ্রহণের মধ্য দিয়ে তাদের ক্ষমতায়নে কোস্ট, সিইপিআই প্রকল্প কাজ করে যাচ্ছে।

## কোস্ট, সিইপিআই প্রকল্পের সহযোগিতায় প্রণীত পঞ্চবার্ষিকী পরিকল্পনা অনুসরণ ও বাস্তবায়ন করছে ইউনিয়ন পরিষদ

ইউনিয়ন পরিষদ যৌক্তিকভাবেই স্থানীয় সরকার একক হিসেবে স্থানীয় পরিষদের জন্য একটি উন্নয়ন পরিকল্পনা খুবই গুরুত্ব বহন করে। কিন্তু অত্যন্ত পরিতাপের বিষয় হচ্ছে ইতোপূর্বে কোন ইউনিয়ন পরিষদে বার্ষিক ও পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করা হয়নি। ইউনিয়ন পরিষদের জন্য প্রতিনিধিগণ, সচিবসহ সচেতন নাগরিকদের পরামর্শের ভিত্তিতে এবং স্থানীয় চাহিদা নির্দেশ করতে কোস্ট, সিইপিআই প্রকল্পের সার্বিক সহযোগিতায় ইউনিয়নের ওয়ার্ডের মধ্যে পাড়ি ভিত্তিক ছোট ছোট সভা করে, ৯টি ওয়ার্ড সভার মাধ্যমে সকল শ্রেণীর জনসাধারণের সক্রিয় অংশগ্রহণের ফলে এলাকার



ইউনিয়ন পরিষদের পঞ্চবার্ষিকী পরিকল্পনা থেকে ক্ষিম বাস্তবায়ন করার দৃশ্য, বদরপুর ইউনিয়ন, লালমোহন উপজেলা, ছবি: কামরুল আলম- পিএফ

সমস্যা নির্ধারণ, চাহিদা ও সম্পদসমূহ নিরূপণ করা হয়। প্রকল্পগুলোর অগ্রাধিকার ঠিক করে খাত ভিত্তিক বাজেট ও বাস্তবায়নে, ইউনিয়ন পরিষদের বাস্তুর ও পঞ্চবার্ষিকী উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করা হয়।

অর্থবছর ২০২০-২১ এ পঞ্চবার্ষিক পরিকল্পনা থেকে প্রথম বছরের ৩৬টি অবকাঠামোগত ক্ষিম বাস্তবায়ন করা হয়। আশাকারি পঞ্চবার্ষিকী পরিকল্পনা বাস্তবায়িত হলে এলাকাবাসীর দারিদ্র্যতা হ্রাস, অবকাঠামো প্রসারণ, আধুনিক সেচ বাবস্থা, কৃষি ক্ষেত্রে সমৃদ্ধি অর্জন, উন্নত শিক্ষা ও স্বাস্থ্যসেবা গ্রহণের সুযোগ সৃষ্টি, নিঃসহ ভিত্তিক বৈষম্যতা হ্রাসসহ সরকারের এসডিজি বাস্তবায়নে ফলপ্রসূ ভূমিকা রাখবে। পাশাপাশি দীর্ঘ মেয়াদী এ পরিকল্পনাটি ইউনিয়নের জগণগের মৌলিক চাহিদা প্রৱণে সক্ষম হবে।

## ইউনিয়নের জন প্রতিনিধি ও নাগরিক ফোরামের সমন্বিত উদ্যোগে স্থানীয় সমস্যা স্থানীয় ভাবেই সমাধান করা সম্ভব

ভোলা জেলার দক্ষিণে লালমোহন উপজেলায় লর্ডহার্ডিঙ্গ ইউনিয়ন অবস্থিত যেখানে চেয়ারম্যান বাজার থেকে বেতুয়া নদী পর্যন্ত একটি খাল রয়েছে যার দৈর্ঘ্য ৫ কিলোমিটার। এই খালটি পানি নিষ্কাশন ও কৃষকদের চামাবাদের জন্য পুনঃরায় খনন করা প্রয়োজন। কোস্ট, সিইপিআই প্রকল্পের সহযোগিতায় ইউনিয়নের কৃষি বিষয়ক সামাজিক নীরক্ষায় (২৫ জানুয়ারি ২০২১) কৃষকদের

অভিযোগ উঠেছে, যাঁদের প্রভাব আছে তাদের এলাকার পুকুর ও খাল প্রকল্প চুকেছে এবং চাহিদা ছিলো খুব দ্রুত খালটি যাতে খনন করে দেওয়া হয়।

লর্ডহার্ডিঙ্গ ইউনিয়নে কৃষির বিষয়ক সংলাপ অনুষ্ঠিত হয় গত ২৪ মার্চ ২০২১ তারিখে যেখানে নাগরিক ফোরামের সভাপতি এই খালটি পুনঃরায় খনন করার



সুপারিশ জানান। চেয়ারম্যান মহোদয় বলেছেন, তিনি উপজেলা চেয়ারম্যান ও এম্পায় মহোদয়ের সাথে আলোচনা করবেন যাতে দ্রুত ব্যবস্থা নেওয়া হয়।

পরবর্তীতে ২০২০-২১ অর্থ বছরের পুকুর ও খাল উন্নয়ন প্রকল্প, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর থেকে বাস্তবায়ন করা হয়।

এই খাল খননের মাধ্যমে প্রায় ৪৭০০ কৃমক এবং প্রায় ১২,০০০ মানুষ উপকৃত হবে যারা এই খালের পানির উপর নির্ভরশীল। পূর্বে জলাবদ্ধতার



বাস্তবায়িত ৫ কি.মি. দৈর্ঘ্য খালের একাংশ, লর্ডহার্ডিঙ্গ ইউনিয়ন, লালমোহন উপজেলা, ছবি: মোঃ সৈলিম মিয়া - পিও

কারনে বেশির ভাগ জর্মি অনাবাদি থাকত। এখন ১১২০ হেক্টের জর্মি আমন চাষের আওতায় আসবে এবং ইর মৌসুমে ৬৫০ হেক্টের জর্মিতে বোরো ইর চাষের সুযোগ হবে বলে জানিয়েছেন লর্ডহার্ডিঙ্গ ইউনিয়নের কৃষি প্রতিনিধি।

## সিইপিআই প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন: লক্ষ্য ও অর্জন - জুন ২০২১

ক্রম	কার্যক্রম	লক্ষ্য	অর্জন
১	প্রাক-বাজেট আলোচনা সভা	১১	১০
২	উন্নত বাজেট সভা	১১	১০
৩	দ্বি-মাসিক উন্নয়ন সমন্বয় কার্মচারী সভা	১১	০৯
৪	ওয়ার্ড নাগরিক ফোরামের ত্রৈমাসিক সভা	৮৯	৬৮
৫	সামাজিক নিরাপত্তা সেবার উপর পর্যবেক্ষন	১১	০৯
৬	উপজেলা ও নাগরিক ফোরাম- ত্রৈমাসিক সভা	০৪	০৪

এই প্রকাশনাটি তৈরিতে প্রয়োজনীয় তথ্য দিয়ে সিইপিআই প্রকল্পের সকল সহকর্মী সহযোগিতা করেছেন।

বিস্তারিত তথ্য ও যোগাযোগের জন্য: +৮৮০ ১৭০৮ ১২ ০৮ ১৪

ইমেইল: [monir1992.coast@gmail.com](mailto:monir1992.coast@gmail.com)

কোস্ট ফাউন্ডেশন, সিইপিআই প্রকল্প বাস্তবায়ন কার্যালয়, সার্কিট হাউজ রোড, সার্কিট হাউজ এর বিপরীত পাশে, চরনোয়াবাদ, ভোলা সদর, ভোলা থেকে প্রকাশিত ও সংরক্ষিত। [www.coastbd.net](http://www.coastbd.net)